# জাতীয় কৃষি আবহাওয়া
# পরামর্শ সেবা বুলেটিন

## ১২ অক্টোবর  ২০২২ (বুধবার)
## [সময়কালঃ ১২.১০.২০২২-১৬.১০.২০২২]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে  কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে । সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

মধ্য মেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের অধিকাংশ জেলায় যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা নেই। এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো:

**ধান আমন**

- সেচ প্রয়োগ করুন এবং জমিতে প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে হলুদ মাজরা পোকার আক্রমণ দেখা দিতে পারে। কার্বোফুরান হেক্টর প্রতি ১০ কেজি প্রয়োগ করুন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে খোল পচা রোগের আক্রমণ দেখা দিতে পারে। নাটিভো ৭৫ ডব্লিউজি/ট্রুপার/এমিস্টার টপ ৩২৫ এসপি/হেক্সাকোনাজল ১ মিলি/লিটার পানিতে মিশিয়ে প্রয়োগ করুন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে লক্ষীর গু রোগের আক্রমণ দেখা দিতে পারে। সার ব্যবস্থপনা করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করে ফেলুন।
- রৌদ্রজ্জ্বল দিনে পরিপক্ক ফসল সংগ্রহ করুন।

**ধান বোরো (বীজতলা)**

- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে চুঙ্গি পোকা এর আক্রমণ দেখা দিতে পারে। দমন ব্যবস্থা: ম্যালাথিওন ২এমএল/লিটার পানিতে মিশিয়ে প্রয়োগ করতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি**

- বর্তমান আবহাওয়ায় বেগুনের ফোমপসিস রোগ দেখা দিতে পারে। প্রতি লিটার পানিতে ১ গ্রাম ব্যাভিস্টিন মিশিয়ে স্প্রে করুন।
- করলায় এপিলাকনা বিটল এর আক্রমণ দেখা দিতে পারে। আক্রমণের প্রাথমিক অবস্থায় ডিম ও বাচ্চাসহ আক্রান্ত অংশ পুড়িয়ে ফেলুন। আক্রমণ বেশি হলে প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম কার্বারিল অথবা ২ মিলি কার্বোসালফান মিশিয়ে প্রয়োগ করুন।
- আগাম শীতকালীন সবজি বাড়ন্ত ও ফুল পর্যায়ে রয়েছে। দণ্ডায়মান ফসলে মালচিং এর ব্যবস্থা করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- প্রয়োজন অনুযায়ী হালকা সেচ প্রয়োগ করুন।

**উদ্যান ফসল**

- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে ডালিমের ব্লাইট ও ফল পচা রোগ থেকে রক্ষার জন্য ২০০ লিটার পানিতে ৬০০ গ্রাম ম্যানকোজেব ও ১০০ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।
- বর্তমান আবহাওয়ায় ডালিমে থ্রিপস পোকার আক্রমণ হতে পারে। থ্রিপস পোকার আক্রমণ হলে প্রতি ১০ লিটার পানিতে ১০ মিলি স্পিনোসাড ২.৫ এসসি মিশিয়ে স্প্রে করুন।
- পেয়ারায় ফলের মাছি পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রণের জন্য পেয়ারা বাগানে মাছি পোকার ফাঁদ ব্যবহার করুন।
- বর্তমান আবহাওয়ায় কলার আরউইনিয়া রট দেখা দিতে পারে। প্রতিরোধের জন্য কলার বেসিনে চুন প্রয়োগ করুন অথবা নিষ্কাশন নালায় ব্লিচিং পাউডার প্রয়োগ করুন। রোগ যাতে না ছড়ায় সেজন্য বেশি মাত্রায় আক্রান্ত গাছ কেটে সরিয়ে ফেলতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

- প্রয়োজন অনুযায়ী হালকা সেচ প্রয়োগ করুন।

**গবাদি পশু**

- গবাদি পশুর তরকা, বাদলা ও খুরা রোগের টিকা না দেওয়া থাকলে দ্রুত টিকা প্রদান করুন।
- লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে ভেটেরিনারি হাসপাতালে পরামর্শ নিন।
- গোয়াল ঘরের চারপাশে পরিচ্ছন্নতা বজায় রাখুন। গোয়াল ঘরে যেন পানি জমে থাকতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- গবাদি পশুকে শুধুমাত্র শুকনো খাবার খাওয়ান।
- গোয়ালঘরে জীবাণুনাশক যেমন পটাশিয়াম পারম্যাংগানেট/ ব্লিচিং পাউডার ব্যবহার করুন।
- গবাদি পশুকে কৃমিনাশক প্রদান না করা থাকলে কৃমিনাশক প্রদান করুন।
- মশামাছি থেকে রক্ষার জন্য গোয়ালঘরে ন্যাপথালিন ব্যবহার করুন।
- কার্বন নি:সরণ কমানোর জন্য গবাদি পশুর নিরাপদ বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করুন।

**হাঁসমুরগী**

- হাঁসমুরগীকে কৃমিনাশক প্রদান না করা থাকলে কৃমিনাশক প্রদান করুন।
- খোয়াড়ে জীবাণুনাশক স্প্রে করে তারপর হাঁসমুরগী রাখুন।
- শুকনো খাবার খেতে দিন এবং পরিষ্কার পানি পান করান।
- রানীক্ষেত ও গামবোরো রোগের টিকা না দেওয়া থাকলে টিকা প্রদান করুন।

**মৎস্য**

- পুকুরের চারপাশ মেরামত করে দিন বা জাল দিয়ে ঘিরে দিন যেন মাছ পুকুরের বাইরে বের হয়ে যেতে না পারে।
- পুকুর থেকে অতিরিক্ত পানি বের করে দিন ।
- পোনা ছাড়ার আগে অপ্রয়োজনীয় মাছ বের করে নিন।
- পুকুরে অক্সিজেনের অভাব দেখা দিলে পানি নাড়াচাড়া করে দিন এবং পানি পরিষ্কার করার জন্য চুন প্রয়োগ করুন।
- যে কোন পরামর্শের জন্য স্থানীয় মৎস্য অফিসের সাথে যোগাযোগ রাখুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১২ অক্টোবর  ২০২২, সকল ০৬ টা পর্যন্ত) এবং ১১ অক্টোবর ২০২২ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১২ অক্টোবর ২০২২ এ সর্বোনিম্ন  তাপমাত্রা নিচে দেওয়া হলো:

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | সামান্য | ৩৪.১ | ২৬.৭ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ০৫ | ৩৩.২ | ২৫.১ |
| | টাঙ্গাইল | ১৪ | ৩৩.৮ | ২৫.২ | | সন্দ্বীপ | ০০ | ৩৩.৩ | ২৫.২ |
| | ফরিদপুর | ০০ | ৩৩.৮ | ২৫.২ | | সীতাকুন্ড | ০০ | ৩২.৭ | ২৪.৬ |
| | মাদারীপুর | ০০ | ৩২.৫ | ২৫.২ | | রাঙ্গামাটি | ২৯ | ৩২.৫ | ২৪.০ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৩.৩ | ২৫.৯ | | কুমিল্লা | ০৬ | ৩৩.০ | ২৫.৩ |
| | নিকলি | ৩২ | ৩২.৪ | ২৪.২ | | চাঁদপুর | ০০ | ৩৪.৫ | ২৬.৭ |
| | | | | | | মাইজদীকোর্ট | ০০ | ৩২.৫ | ২৬.০ |
| রাজশাহী | রাজশাহী | ৪৪ | ৩৪.৮ | ২৩.৬ | | ফেনী | ০০ | ৩৪.০ | ২৫.৫ |
| | ঈশ্বরদী | ৫১ | ৩৪.০ | ২৩.৪ | | হাতিয়া | ০০ | ৩২.৫ | ২৪.৯ |
| | বগুড়া | ৩৩ | ৩৪.২ | ২৫.০ | | কক্সবাজার | ০৩ | ৩৩.৫ | ২৫.৬ |
| | বদলগাছী | ০৯ | ৩৩.২ | ২৪.৫ | | কুতুবদিয়া | ০০ | ৩৩.১ | ২৫.০ |
| | তাড়াশ | ০৯ | ৩৪.৭ | ২৪.৮ | | টেকনাফ | ০০ | ৩৩.০ | ২৬.৩ |
| রংপুর | রংপুর | সামান্য | ৩২.৬ | ২৪.৮ | খুলনা | খুলনা | ০০ | ৩৩.৮ | ২৬.২ |
| | দিনাজপুর | ০০ | ৩৩.০ | ২৪.০ | | মংলা | ১৫ | ৩২.৮ | ২৫.৫ |
| | সৈয়দপুর | ০৫ | ৩৪.৫ | ২৪.২ | | সাতক্ষীরা | ০০ | ৩২.৮ | ২৫.০ |
| | তেঁতুলিয়া | ৩১ | ৩২.০ | ২৩.৪ | | যশোর | সামান্য | ৩৪.০ | ২৪.০ |
| | ডিমলা | ১২ | ৩২.০ | ২৪.৫ | | চুয়াডাঙ্গা | ০০ | ৩৪.৮ | ২৪.২ |
| | রাজারহাট | ০০ | ৩১.৫ | ২৪.৫ | | কুমারখালী | ০০ | ৩৪.০ | ২৪.৫ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ১০ | ৩২.২ | ২৪.৮ | বরিশাল | বরিশাল | সামান্য | ৩৩.০ | ২৪.৯ |
| | নেত্রকোনা | ১৭ | ৩০.০ | ২৫.৫ | | পটুয়াখালী | ০১ | ৩৩.৩ | ২৫.৫ |
| | | | | | | খেপুপাড়া | ২৯ | ৩২.৪ | ২৫.১ |
| সিলেট | সিলেট | ১০৯ | ২৫.০ | ২৩.৪ | | ভোলা | ০০ | ৩৪.৮ | ২৫.০ |
| | শ্রীমঙ্গল | ৬৬ | ৩২.১ | ২৪.০ | | | | | |

## প্রধান বৈশিষ্ট সমূহ:


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৫.৪২ ঘন্টা ছিল |
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.০৩ মি: মি: ছিল |


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:


**পূর্বাভাস:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারি থেকে ভারি বর্ষণ হতে পারে।


তাপমাত্রা: সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


**সপ্তাহের শেষে (১১ অক্টোবর ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:**






Minimum Temperature (°C)
(05/10/2022 - 11/10/2022)
(°C)
23 24 25 26 27



Anomaly Minimum Temperature (°C)
(05/10/2022 - 11/10/2022)
(°C)
-1 0 1 2



Diurnal Temperature (°C)
(05/10/2022 - 11/10/2022)
(°C)
6 7 8 9 10


Anomaly Diurnal Temperature (°C)
(05/10/2022 - 11/10/2022)
(°C)
-2 0 2


Maximum Humidity (%)
(05/10/2022 - 11/10/2022)
86 90 94 98 100
(%)


Minimum Humidity (%)
(05/10/2022 - 11/10/2022)
30 39 48 57 64
(%)


Wind Speed (knots)
(05/10/2022 - 11/10/2022)
0 1 2 3 4
(knots)


Cloud Amount (Octa)
(05/10/2022 - 11/10/2022)
2 4 6 8
(Octa)


## আবহাওয়ার পূর্বাভাস:


## আবহাওয়ার পূর্বাভাস ১০/১০/২০২২ হতে ১৬/১০/২০২২ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৪.০০ থেকে ৬.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।
এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মি.মি. থেকে ৪.০০ মি.মি. থাকতে পারে।


- এ সময়ের প্রথমার্ধে রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক স্থানে (৫১%-৭৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) থেকে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে; ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু স্থানে (২৬%-৫০% এলাকা) এবং খুলনা ও বরিশাল বিভাগের দু'এক স্থানে (১%-২৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের দ্বিতীয়ার্ধে ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু স্থানে অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং রংপুর ও রাজশাহী বিভাগের দুই-এক স্থানে অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
- এ সময় সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


### আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (১২ অক্টোবর হতে ১৬ অক্টোবর ২০২২ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(12/10/2022 - 16/10/2022)
21 22 23 24 25
(°C)


Maximum Humidity (%)
(12/10/2022 - 16/10/2022)
76 80 84 88 94
(%)



Minimum Humidity (%)
(12/10/2022 - 16/10/2022)
69 73 77 81 85
(%)


Diurnal Temperature (°C)
(12/10/2022 - 16/10/2022)
8 10 12
(°C)



Wind Speed (knots)
(12/10/2022 - 16/10/2022)
Dinajpur
Rangpur
Naogaon
Bogra
Mymensingh
Sunamganj
Sylhet
Rajshahi
Natore
Tangail
Moulvibazar
Habiganj
Gazipur
Pabna
Faridpur
Cumilla
Jashore
Noakhali
Chattogram
Feni
Rangamati
Bandarban
2 3 4 5
(knots)

## Different Satellite Products over Bangladesh


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 40 (01 October-07 October) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 40 (01 October-07 October) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 40 (01 October-07 October) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 40 (01 October-07 October) over Agricultural regions of Bangladesh

